



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

কায়সার- নিলুফার কলেজের ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মেয়র
দেহ মনে পূর্ণ বিকাশে শিক্ষার্থীদের
খেলাধুলার ও প্রয়োজন রয়েছে।

চট্টগ্রাম-০৫ মার্চ-২০১৯ইংরেজী।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন বলেছেন সরকারের ভিশন ২০৪১ বাস্তবায়নের ছাত্র-ছাত্রীদের আলোকিত মানুষ হতে হলে পড়া শোনায় মনোনিবেশ করতে হবে। দেহ-মনে পূর্ণ বিকাশের জন্য শিক্ষার্থীদের পড়া শোনার পাশাপাশি খেলাধুলার প্রয়োজন আছে। দেহ-মনে বিকশিত শিক্ষার্থীদের মাধ্যমেই সুস্থ-সবল জাতি গঠন সম্ভব। তিনি আজ বুধবার সকালে নগরীর কোরবানীগঞ্জ কলেজ মিলনায়তনে সিটি কর্পোরেশন পরিচালিত কায়সার- নিলুফার কলেজের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সামসুদ্দোহার সভাপতিত্বে এতে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কাউন্সিলর হাজী নুরুল হক, সংরক্ষিত কাউন্সিলর আঞ্জুমান আরা বেগম, কর্পোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা সুমন বড়ুয়া, কলেজ পরিচালনা কমিটির সদস্য আলহাজ্ব পেয়ার মোহাম্মদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কায়সার নিলুফার কলেজের অধ্যক্ষ শেখ মোহাম্মদ ওমর ফারুক। অনুষ্ঠানে চসিক পরিচালিত লামা ও বলুয়ারদীঘি বিদ্যালয়ের প্রধান শিক্ষক, কলেজের শিক্ষক-শিক্ষিকাসহ প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। মেয়র আরো বলেন স্বাধীনতাত্তোর যুদ্ধবিধস্ত বাংলাদেশ দীর্ঘ পথপরিক্রমায় নানা রাজনৈতিক চড়াই উৎরাই পেরিয়ে উন্নয়নের অপ্রতিরোধ্য গতিতে এগিয়ে চলেছে। এটি সম্ভব হয়েছে মূলতঃ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী ও দুঃসাহসিক নেতৃত্বের কারণে। সময়োপযোগী সাহসী এবং গতিশীল উন্নয়ন কৌশল অবলম্বনের ফলশ্রুতিতে দেশের এই উন্নয়ন। ফলেই সামগ্রিক অর্থনৈতিক প্রবৃদ্ধি, কাঠামোগত রূপান্তর ও উল্লেখযোগ্য সামাজিক অগ্রগতি সাধিত হয়েছে। যা দেশের অবিশ্বাস্য উন্নয়নের মহাসড়কে তুলে এনেছে। এ ধারাবাহিকতা অব্যাহত থাকলে বাংলাদেশ ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত - সমৃদ্ধ দেশে পরিণত হবে বলে তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। এই প্রসঙ্গে মেয়র বলেন শিক্ষার মাননোয়নের মাধ্যমে দেশকে আরো অনেক দূর পাড়ি দিতে হবে। সত্যিকার জ্ঞান অর্জনের মাধ্যমে এই প্রজন্মের সন্তানদেরকে আলোকিত ও ভালো মানুষ হিসেবে তৈরী করতে হবে। তারাই আগামীদিনের বাংলাদেশ গড়ে তুলবে। তিনি বলেন সততা, দেশপ্রেম ও নৈতিকতা বোধ ছাড়া আলোকিত সমাজ বিনির্মাণ সম্ভব নয়। তাই শিক্ষার্থীদের মধ্যে বিদ্যমান বোধগুলো জাগ্রত করে আলোকিত মানুষ, সমৃদ্ধ জাতি গড়ে তুলতে হবে। এতে নিজে, পরিবার, সমাজ ও রাষ্ট্র লাভবান হবে। মেয়র বলেন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া শিক্ষার্থীদের বইয়ের প্রতি এবং বই পড়ার অভ্যাস গড়ে তুলতে আগ্রহ সৃষ্টির মাধ্যমে শিক্ষার্থীদের আলোকিত মানুষ হিসেবে গড়ে তোলা সম্ভব।

তিনি বলেন বই আলোকিত মানুষ গড়ে, আলোকিত সমাজ বিনির্মাণ, সত্য ও সুন্দরের দিকে পথচলার পথিকৃত। বই জ্ঞানের আলো, অন্ধকারেও বই আলোর পথ দেখায়। যুগে যুগে, কালে কালে বই আলোর পথ দেখিয়ে গেছে। আগামীতে ও দেখাবে। তাই মেয়র আজকের প্রত্যেক শিক্ষার্থীকে বেশী বেশী সাহিত্য, ইতিহাস, সভ্যতা, দর্শন, সংস্কৃতি, রাজনীতি, ধর্ম, সমাজ ও বিজ্ঞান এবং বুদ্ধিজীবী ও বিভিন্ন বিষয়ে বিশেষজ্ঞদের লেখনি বই পড়ার উপর পরামর্শ দেন। শিক্ষার্থীদের শারীরিক, মানসিক ও আত্মিক সুস্থতার কথা উল্লেখ মেয়র বলেন শরীরচর্চা - ক্রীড়া জ্ঞানচর্চা পরস্পর অবিচ্ছেদ্য অংশ। সংস্কৃতি কর্মকাণ্ড শিক্ষার্থীদের মনের দরজা খুলে দেয়। সামাজিক দায়িত্ববোধ ও সাংস্কৃতিক মূল্যবোধ সম্পর্কে সচেতন করে তুলে। তাই তিনি প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি সাংস্কৃতিক কর্মকাণ্ডে প্রত্যেক শিক্ষার্থীদেরকে সম্পৃক্ত থাকার আহবান জানান। মেয়র আরো বলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশন নগরবাসীর সন্তানরা যাতে শিক্ষা লাভ করতে পারে, আলোকিত মানুষ হতে পারে, সে জন্য শিক্ষাখাতে ভর্তুকি দিচ্ছে। সেবামূলক প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও শিক্ষাখাতের এই প্রনোদনা দেশের অপারাপর কোন সিটি কর্পোরেশন দেয়না। যে কারণে চট্টগ্রাম সিটি কর্পোরেশন অন্য কর্পোরেশনের তুলনায় অনন্য। তিনি বলেন

আমরা চাই নগরবাসীর কোন সন্তান যাতে শিক্ষা বঞ্চিত না হয়। পরে মেয়র ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার তুলে দেন।

প্রেস বিজ্ঞপ্তি

সিটি মেয়রের সাথে সাক্ষাত করলেন নব গঠিত
ডবলমুরিং থানা বঙ্গবন্ধু সৈনিকলীগ নেতৃবৃন্দ

চট্টগ্রাম-০৫ মার্চ-২০১৯ইংরেজী।

আজ মঙ্গলবার বিকেলে নগর ভবনে মেয়র দপ্তরে নব গঠিত ডবলমুরিং থানা বঙ্গবন্ধু সৈনিকলীগের নেতৃবৃন্দ সিটি মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীনের সাথে সৌজন্য সাক্ষাত করেন। সেময় মেয়র নেতৃবৃন্দকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন। সাক্ষাতকালে কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ও মহানগর সভাপতি এড. মাহবুবর রহমান। কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক শাহজাদা মাসুদ আকবরী, মহানগর ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক প্রকৌশলী তৈয়ব উদ্দিন ভূইয়া রাজিব, মহানগর সহ-দপ্তর সম্পাদক হুমায়ূর কবির হিরু, নবগঠিত ডবলমুরিং থানার সভাপতি শাহজাহান কায়সার দোভাষ, সাধারণ সম্পাদক কাজী নওশাদ পারভেজ, জসিম মনসুরী, সমীরন বড়ুয়া, শিবলু আলম, ফয়সাল মাহমুদ রিফাত, মাহমুদ, অধ্যাপিকা সানোয়ারা বেগম প্রমুখ উপস্থিত ছিলেন। মেয়র নব গঠিত বঙ্গবন্ধু সৈনিকলীগ নেতৃবৃন্দকে বঙ্গবন্ধুর আদর্শে বলিয়ান হয়ে সংগঠন পরিচালনার আহবান জানান।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন